

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখাঃ কারিগরি-১
পরিবহন পুল ভবন, ঢাকা।
www.tmed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০১২.২০১৭-১১৭১

তারিখ : ০৯ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন বিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউটের ইন্সট্রাক্টর (কম্পিউটার) জনাব মোঃ শাহাদত হোসেন যথাযথভাবে ক্লাসে পাঠদান না করা, অফিসের বিভিন্ন কাজে বাঁধা সৃষ্টি ও গ্রহণ করা এবং ছাত্রদের নিকট থেকে অবৈধভাবে অর্থ গ্রহণ, প্রতিষ্ঠান পরিদর্শনকালে পরিচালক (প্রশাসন) কে অন্য শিক্ষকের হাজিরা খাতা নিজের বলে উপস্থাপন করা এবং পরীক্ষা চলাকালীন কক্ষ পরিদর্শক হিসেবে হল সুপারের অনুমতি ব্যতীত পরীক্ষা কক্ষ ত্যাগ করায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে তার বরাবর অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হলে জনাব মোঃ শাহাদত হোসেন নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেননি। সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী রঞ্জুকৃত বিভাগীয় মোকদ্দমাটি ধারাবাহিক কার্যক্রমের মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ শাহাদত হোসেন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ এর উপবিধি (৬) মোতাবেক গুরুদণ্ডের আওতায় কেন তাকে শাস্তি প্রদান করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য বিগত ০৭/০৬/২০১৭ তারিখ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে এডির মাধ্যমে প্রেরণ করা হয়। তিনি বিগত ১২/০৭/২০১৭ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন।

০৩। অতঃপর বিষয়টি অধিকতর যাচাই-বাছাইয়ের লক্ষ্যে বিগত ২৭/০৮/২০১৭ ও ১৭/০৯/২০১৭ তারিখ জনাব মোঃ শাহাদত হোসেন, তৎকালীন অধ্যক্ষ ও হল সুপার এবং সরকার পক্ষের উপস্থিতিতে পুনরায় শুনানি অনুষ্ঠিত হয়। সরকার পক্ষের বক্তব্য, সংশ্লিষ্ট কর্মচারীর দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানি পর্যালোচনায় উত্থাপিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়।

০৪। উপস্থাপিত সকল বিষয় সার্বিক পর্যালোচনায় জনাব মোঃ শাহাদত হোসেন, ইন্সট্রাক্টর (কম্পিউটার) বিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২ (বি) অনুযায়ী লঘুদণ্ডের আওতায় তার ২ (দুইটি) বার্ষিক বর্ধিত বেতন ৩ (তিন) বছরের জন্য স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি পরবর্তীতে স্থগিতকৃত বর্ধিত বেতনের বকেয়া গ্রহণ করতে পারবেন না।

০৫। এমতাবস্থায়, জনাব মোঃ শাহাদত হোসেন, ইন্সট্রাক্টর (কম্পিউটার) বিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে অভিযুক্ত সাব্যস্তক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি ২ (বি) অনুযায়ী লঘুদণ্ডের আওতায় তার ২ (দুইটি) বার্ষিক বর্ধিত বেতন ৩ (তিন) বছরের জন্য স্থগিত করা হলো। তিনি পরবর্তীতে স্থগিতকৃত বর্ধিত বেতনের বকেয়া গ্রহণ করতে পারবেন না।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আলমগীর)
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।

(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

